



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ  
প্রশাসন-১ শাখা



অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী।  
(জানুয়ারি-মার্চ ২০২২ খ্রি:, ত্রৈমাসিক)

সভাপতি : জনাব মো: সাইদুর রহমান  
অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়)  
তারিখ ও সময় : ৩১ মার্চ ২০২২ খ্রি:, বিকাল ৩.০০ টা  
স্থান : প্রশাসন ও সমন্বয় অনুবিভাগের সম্মেলন কক্ষ  
(কক্ষ নং-১৬২০, ১৬ তলা, ভবন নং-১১)

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা নিম্নে প্রদান করা হলো :

- (১) ড. নাছিমা আকতার, যুগ্মসচিব (প্রশাসন), অর্থ বিভাগ
- (২) সৈয়দ মুহাম্মদ কাওছার হোসেন, উপসচিব (প্রশিক্ষণ), অর্থ বিভাগ
- (৩) জনাব মো: আব্দুস সালাম শাহ, সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ
- (৪) জনাব মো: মিলন হোসেন, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, এফএসএমইউ, অর্থ বিভাগ


২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, সরকারি প্রতিষ্ঠানসমূহে স্বচ্ছতা, অনিয়ম ও দুর্নীতিমুক্ত রাখতে অভিযোগ প্রতিকার ব্যবস্থা চালু করা হয়েছে। সরকারি প্রতিষ্ঠান হিসেবে অর্থ বিভাগের কার্যক্রমেও যাতে কোন অনিয়ম বা দুর্নীতি না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। অর্থ বিভাগের কার্যক্রম সম্পর্কে কোন অভিযোগ পাওয়া গেলে তা নির্দিষ্ট সময়ের মধ্যে নিষ্পত্তি করার উপর তিনি গুরুত্ব আরোপ করেন। কমিটির অন্যান্য সদস্যগণ আলোচনায় অংশগ্রহণ করেন। অভিযোগ সংক্রান্ত কার্যক্রম পর্যালোচনা করে দেখা যায় অনলাইন/ওয়েবসাইটের মাধ্যমেই বেশি অভিযোগ দাখিল করা হয়ে থাকে। দাখিলকৃত অভিযোগসমূহের মধ্যে যেগুলোর অর্থ বিভাগের সংশ্লিষ্টতা না থাকে সেগুলো সংশ্লিষ্ট দপ্তর/কার্যালয়ে প্রেরণ করা হয়। অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে অর্থ বিভাগ থেকে প্রতিমাসে নির্ধারিত ছকে মন্ত্রিপরিষদ বিভাগে নিয়মিতভাবে প্রতিবেদন প্রেরণ করা হয়ে থাকে। ২০২১-২২ অর্থবছরের গত জুলাই-সেপ্টেম্বর, ২০২১ ত্রৈমাসিকে মোট ১৭টি (হার্ডকপি-০ ও অনলাইন-১৭টি) অভিযোগ, অক্টোবর-ডিসেম্বর, ২০২১ ত্রৈমাসিকে মোট ২৪টি (হার্ডকপি-০ ও অনলাইন ২৪টি) অভিযোগ এবং জানুয়ারি-মার্চ, ২০২২ ত্রৈমাসিকে (ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত) মোট ৩৩টি (হার্ডকপি-০ ও অনলাইন-৩৩টি) অভিযোগ পাওয়া যায়, যার সবগুলোই নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করা হয়। প্রাপ্ত অভিযোগ দৃষ্টে দেখা যায় কোন কোন অভিযোগ হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় সম্পর্কিত থাকে। এ ধরনের অভিযোগ নিষ্পত্তির জন্য অর্থ বিভাগের সাথে হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের লিংক থাকার প্রয়োজন মর্মে সভায় অভিমত প্রকাশ করা হয়।

(অ: পৃ: দ্র:)

৩। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

- ৩.১। অনলাইন/ওয়েবসাইটের মাধ্যমে প্রাপ্ত অভিযোগসমূহ অনলাইনের মাধ্যমে নিষ্পত্তি করতে হবে।
- ৩.২। অনলাইনে প্রাপ্ত কোন কোন অভিযোগ হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়-এর সাথে সম্পৃক্ত থাকে। এ ধরনের অভিযোগসমূহ অনলাইন/ওয়েবসাইটের মাধ্যমে নিষ্পত্তি করার জন্য অর্থ বিভাগের সাথে হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের লিংক দেওয়া প্রয়োজন। এ বিষয়ে সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ এর সাথে আলোচনাক্রমে কি করণীয় তা নির্ধারণ করতে হবে।
- ৩.৩। অভিযোগ সংক্রান্ত মাসিক প্রতিবেদন নিয়মিতভাবে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে এবং অর্থ বিভাগের ওয়েবসাইটে তা আপলোড করতে হবে।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


  
(মো: সাইদুর রহমান)  
অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়)  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-০৭.০০.০০০০.০৮১.০৩.০০১.২২. ৩০৮

তারিখ : ০৬/০৪/২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(দৃ: আ: উপসচিব, অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা, পরিবহন পুল ভবন, ৮ম তলা)
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও টিডিএম), অর্থ বিভাগ।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়), অর্থ বিভাগ।
- ৪। যুগ্মসচিব (প্রশাসন), অর্থ বিভাগ।
- ৫। উপসচিব, বাজেট ও পরিকল্পনা-১, অর্থ বিভাগ।
- ৬। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।
- ৭। সভায় উপস্থিত কর্মকর্তা....., অর্থ বিভাগ।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ।  
(কার্যবিবরণীটি অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)

  
(মো: রহুল আমিন মল্লিক)  
সহকারী সচিব  
ফোন : ৯৫৭৬০২৩